



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/23/2026

গভর্নর ক্যাথি হোকল

ব্যাপক গ্রাহক সুরক্ষা প্রতিষ্ঠার জন্য গভর্নর হোকল দেশের মধ্যে অগ্রগণ্য নতুন এখন কিনে পরে মূল্য পরিশোধ করার প্রবিধানের কথা ঘোষণা করলেন

*এখন কিনে পরে মূল্য পরিশোধ করার প্রবিধানের বাস্তবায়ন, প্রকাশ, গুণমান, সীমা এবং ডেটা গোপনীয়তা সুরক্ষাকে বাধ্যতামূলক করে ঋণ প্রদানকারীদের জন্য লাইসেন্সিং এবং তত্ত্বাবধান কাঠামো প্রতিষ্ঠা করে*

*গভর্নর হোকল এর ভোক্তা সুরক্ষা এজেন্ডার উপর ভিত্তি করে তৈরি, যার মধ্যে রয়েছে দেশের মধ্যে সর্বপ্রথম নজরদারি মূল্য নির্ধারণ প্রবিধান, ওভারড্রাফট ফি এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা এবং অনলাইন রিটেইল রিটার্ন এবং রিফান্ড মানসম্মত করা*

**প্রস্তাবিত প্রবিধানটি [এখানে](#) দেখুন**

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে আর্থিক পরিষেবা দপ্তর (Department of Financial Services, DFS), এখন কিনে পরে মূল্য পরিশোধ করুন (Buy Now, Pay Later) অর্থায়নের বিকল্পগুলি ব্যবহারকারী নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য প্রস্তাবিত নিয়ম প্রকাশ করেছে। এই প্রবিধানগুলি গভর্নর Hochul (হোকল) এর স্বাক্ষরিত প্রবিধানকে তার FY26 বাজেটের অংশ হিসেবে বাস্তবায়িত করে, যা এখন কিনে পরে মূল্য পরিশোধ করার ঋণ প্রদানকারীদের জন্য একটি লাইসেন্সিং এবং তত্ত্বাবধান কাঠামো প্রতিষ্ঠা করে এবং প্রয়োজনীয় প্রকাশ, বিরোধ নিষ্পত্তির মান, ফি-এর সীমা এবং ডেটা গোপনীয়তা সুরক্ষার মাধ্যমে গ্রাহকদের সুরক্ষা দেয়।

"অনেক নিউ ইয়র্কবাসী কঠিন অভিজ্ঞতা থেকে শিখেছেন যে কয়েকটি, এখন কিনে পরে মূল্য পরিশোধ করুন, পণ্য তাদের স্থিতিশীল আর্থিক ভবিষ্যত গড়ে তুলতে সহায়তা করার পরিবর্তে জাঙ্ক ফি এবং অতিরিক্ত বোঝা চাপিয়ে দেওয়া প্রচ্ছন্ন অক্ষর দিয়ে তাদের ফাঁদে ফেলার জন্য ডিজাইন করা হয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দেশের মধ্যে অগ্রগণ্য এই নতুন প্রবিধানগুলি নিশ্চিত করে যে ঋণদাতারা জানেন যে আমাদের কাছে স্পষ্ট করে প্রকাশ, ফি-এর সীমা এবং প্রকৃত নজরদারি রয়েছে যাতে বড় আর্থিক কোম্পানিগুলি নগদ অর্থ সংগ্রহের সময় পরিবারগুলিকে ঋণের চক্রে ঠেলে না দেয়।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের ভারপ্রাপ্ত**

**সুপারিনটেনডেন্ট Kaitlin Asrow (কেইটলিন অ্যাসরো) বলেন,** "আমাদের দায়িত্ব হলো

উদ্ভাবনকে শক্তিশালী ভোক্তা সুরক্ষার সাথে যুক্ত করা, যাতে নিউ ইয়র্কবাসীরা সুরক্ষিতভাবে এবং

নিরাপদে নতুন আর্থিক পণ্যগুলি ব্যবহার করতে পারেন। এই প্রবিধানটি স্টেটে এখন কিনে পরে মূল্য পরিশোধ করুন কোম্পানিগুলি কীভাবে কাজ করবে তা নিয়ন্ত্রণ করবে, নিউ ইয়র্কবাসীদের অতিরিক্ত ফি এবং ব্যক্তিগত তথ্যের অপব্যবহার থেকে রক্ষা করবে, একই সাথে স্বচ্ছ ঋণের শর্তাবলী এবং বিরোধ নিষ্পত্তির জন্য একটি ন্যায্য প্রক্রিয়া নিশ্চিত করবে।"

এখন কিনে পরে মূল্য পরিশোধ করুন ঋণগুলি যত দিন যাচ্ছে তত জনপ্রিয়তা পাচ্ছে কিন্তু এই পণ্যগুলিতে ঋণের শর্তাবলী, তথ্যের গোপনীয়তা, ক্রেডিট রিপোর্টিং এবং অন্যান্য ভোক্তা ঋণের ফি প্রকাশের ক্ষেত্রে অভিন্ন নিয়ম সাপেক্ষ নয়। 2025 সালে, গভর্নর Hochul (হোকল) এই দ্রুত বর্ধনশীল আর্থিক খাতে আরও শক্তিশালী নজরদারি প্রতিষ্ঠার প্রবিধানটির পক্ষে ছিলেন। প্রবিধানটি এখন কিনে পরে মূল্য পরিশোধ করুন ঋণ প্রদানকারীদের জন্য একটি ব্যাপক লাইসেন্সিং এবং তত্ত্বাবধান কাঠামো তৈরি করে।

আজ প্রকাশিত প্রবিধানগুলি এই আইনটিকে নিম্নলিখিত উপায়ে বাস্তবায়িত করবে:

- নিউ ইয়র্কে এখন কিনে পরে মূল্য পরিশোধ করুন কার্যকলাপে জড়িত যেকোনো সত্তার জন্য একটি লাইসেন্সিং এবং তত্ত্বাবধান কাঠামো প্রতিষ্ঠা করা;
- অতিরিক্ত ফি নিষিদ্ধ করা, যার মধ্যে কনভেনিয়েন্স চার্জও অন্তর্ভুক্ত, এবং লেট ফি এবং জরিমানা বাবদ অন্যান্য ধরনের ফি সীমিত করা;
- ঋণদাতাদের নিউ ইয়র্কবাসীদের কাছে স্পষ্ট করে বলতে হবে যে ঋণটি, ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলিতে রিপোর্ট করা হবে কিনা;
- কনজিউমার ডিসপিউটের সময়মতো সমাধানের জন্য নিয়মাবলী প্রতিষ্ঠা করা; এবং
- অপব্যবহার বা শোষণ থেকে গ্রাহকের তথ্য রক্ষা করা।

এই খসড়া প্রবিধানগুলি ফি কাঠামো, আন্ডাররাইটিং প্রক্রিয়া এবং এখন কিনে পরে মূল্য পরিশোধ করুন পণ্য আন্ডাররাইটিং এবং ব্যবসার উপর ফি এবং সুদের সীমার প্রভাব সম্পর্কে তথ্যের জন্য প্রাক-নিয়ম প্রণয়নের অনুরোধে জমা দেওয়া তথ্যের উপর আর্থিক পরিশেবা দপ্তরের বিবেচনাকে প্রতিফলিত করে।

প্রস্তাবিত প্রবিধানটি আজ থেকে আরম্ভ করে 10 দিনের প্রাক-প্রস্তাব মন্তব্যের সময়সীমা সাপেক্ষ। জনসাধারণের মন্তব্যের সময়কাল, প্রস্তাবিত প্রবিধানটি স্টেট রেজিস্টারে প্রকাশের পর থেকে শুরু হয়ে 60 দিন চলবে। নিয়মটি গৃহীত হওয়ার 180 দিন পর আইন ও প্রবিধানটি কার্যকর হবে, নিউ ইয়র্কে যারা ইতিমধ্যেই BNPL ঋণ দিচ্ছেন তাদের জন্য অতিরিক্ত একটি ট্রানজিশনাল পিরিয়ড থাকবে।

এই ঘোষণাটি গভর্নর Hochul (হোকল) এর দেশের মধ্যে অগ্রগণ্য ভোক্তা সুরক্ষার উপর ভিত্তি করে তৈরি। FY26 নির্বাহী বাজেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) দেশের প্রথম নজরদারি মূল্য প্রবিধানকে সমর্থন করেছেন যাতে নিউ ইয়র্কবাসীরা আরও সচেতনভাবে পছন্দ করতে পারেন; অনলাইন সাবস্ক্রিপশনের জন্য সহজ বাতিলকরণ, মানসম্মত অনলাইন রিটেইল রিটার্ন এবং রিফান্ড এবং অন্যায্য ওভারড্রাফ্ট ফিগুলির জন্য শক্তিশালী সুরক্ষা।

[প্রস্তাবিত প্রবিধানটি পর্যালোচনা করতে অথবা প্রতিক্রিয়া জমা দিতে](#) DFS ওয়েবসাইটটি দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)